

**STUDY MATERIAL FOR SEM - 4 SANSKRIT HONS STUDENTS**

**TEACHERS`NAME- ARPITA PRAMANIK**

**DEPARTMENT OF SANSKRIT**

**K.C.COLLEGE, HETAMPUR, BIRBHUM**

**DATE-13-4-2020**

**TOPIC--SANSKRIT AND WORLD LITERATURE(H.H.WILSON)**

**PAPER-CC-10**

## হোরেস্ হোম্যান্ উইল্সনের পরবর্তী অংশ-----

১৮৩৩ খ্রীষ্টাব্দের প্রথমভাগে ভারতবর্ষ ত্যাগ করে ১৮৩৭ খ্রী. তিনি সাংখ্য দর্শনের মূল ও অনুবাদসহ একটি পুস্তক প্রকাশ করেন। এরপর, ১৮৪০ খ্রী. তাঁর রচিত বিষ্ণুপুরাণের সম্পূর্ণ অনুবাদ প্রকাশিত হয়। ১৮৩২ খ্রী. সংস্কৃত সাহিত্য সম্বন্ধীয় একটি নিবন্ধে তিনিই প্রথম পুরাণ সম্বন্ধীয় আলোচনায় পদক্ষেপ করেন। বিষ্ণুপুরাণ অনুবাদের ভূমিকায় এবং টাকা-টাঙ্গাণগুলিতে তিনি পুরাণগুলি সম্বন্ধে সুবিস্তৃত আলোচনা প্রকাশ করেন। সংস্কৃত সাহিত্যের ইতিহাস লেখক ডাঃ উইল্টারনিট্স তাঁর পুস্তকে উইল্সনকেই পুরাণ সম্বন্ধীয় ব্যাপক গবেষণার প্রথম পথিকৃৎ বলে অভিহিত করেছেন। ১৮৪০ খ্রী. হিন্দু ধর্ম ও দর্শন সম্বন্ধে উইল্সনের কতকগুলি বক্তৃতা একত্রিত সংগৃহিত হয়ে প্রকাশিত হয়।

মুদ্রাত্ত্বের প্রতিও তাঁর আবাল্য অনুরাগ ছিল। ১৮৪১ খ্রী. আফগানিস্তানের(প্রাচীন গান্ধার) প্রাচীন মুদ্রা সম্বন্ধে তাঁর একটি পুস্তক প্রকাশিত হয়। ১৮২৫ খ্রী. কল্হন রচিত রাজতরঙ্গনীর ওপর ভিত্তি করে এশিয়াটিক সোসাইটির পত্রিকায় উইল্সনের ‘কাশ্মীরের ইতিহাস’ নামে একটি দীর্ঘ নিবন্ধ প্রকাশিত হয়েছিল, এই পুস্তকটি ফরাসী ভাষায় অনুদিত হয়ে প্যারিস থেকে প্রকাশিত হয়। আফগানিস্তানের প্রাচীন মুদ্রা সম্পর্কিত এই গবেষণা পুস্তকটিও উল্লিখিত ইতিহাস পুস্তকটির ন্যায় সবিশেষ সমাদর লাভ করে। ১৮৪৬ খ্রী. কলকাতা থেকে উইল্সনের ‘‘ক্ষেচেস্ অফ্ দি রিলিজিয়স সেক্টস্ অফ্ দি হিন্দুস’’ নামে একটি পুস্তক প্রকাশিত হয়।

এই বৎসরই উইল্সন দন্তী বিরচিত ‘‘দশকুমারচরিত’’ নামক সংস্কৃত আধ্যায়িকা পুস্তক সম্পাদন করে প্রকাশ করেন। ইতিপূর্বে কোলকাতা কোয়ার্টলি পত্রিকায় তিনি দশকুমারচরিতের আংশিক অনুবাদ প্রকাশ করেছিলেন। ঐ পত্রিকায় এবং লন্ডনের রয়্যাল এশিয়াটিক সোসাইটির মুখ্যপত্রে তিনি সংস্কৃত কাহিনী পুস্তকগুলির সম্বন্ধে গবেষণামূলক নিবন্ধ প্রকাশ করে এই বিষয়ে পথিকৃতের সম্মান লাভ করেন। ১৮৪৬ খ্রী. উইল্সনের রচিত সংস্কৃত ভাষায় একটি ব্যাকরণ প্রকাশিত হয়।

উইল্সনের জীবনের সবথেকে বড় কীর্তি হল ছয় খন্ডে প্রকাশিত খণ্ডেদের সম্পূর্ণ ইংরাজী অনুবাদ প্রকাশ। সায়ণ ভাষ্যের ব্যাখ্যা অনুযায়ী তিনি এই অনুবাদ প্রকাশ করেন। এই গ্রন্থের চার খন্ড ১৮৫০-১৮৫৭ খ্রী. পর্যন্ত প্রকাশিত হয়। বাকী দুই খন্ড উইল্সনের মৃত্যুর পর প্রকাশিত হয়েছিল। ১৮৫৫ খ্রী. ভারতে প্রচলিত রাজস্ব ও বিচার সংক্রান্ত শব্দগুলির সূচি ও অর্থসহ একটি অভিধান উইল্সন কর্তৃক সংকলিত হয়।

উইল্সন প্রত্যক্ষভাবে ভারতবিদ্যার সাথে সম্পর্কিত নয় এমন কথকগুলি বিষয়েও অনেকগুলি পুস্তক রচনা করেন। এছাড়াও তিনি অন্যের রচিত সাতখানি পুস্তক সম্পাদন করেন। উইল্সন বহু দুষ্প্রাপ্য পুঁথি সংগ্রহ করেছিলেন। মৃত্যুর পূর্বে তিনি ৫৪০টি বৈদিক ও সংস্কৃত পুঁথি অক্সফোর্ডের বোর্ডলিয়েন পাঠ্যাগারে দান করে যান।

ভারতবর্ষ ত্যাগ করে গেলেও উইল্সন তাঁর কলকাতা বাসের স্মৃতি কোনো দিন ভুলতে পারেন নি। ভূতপূর্ব সহযোগী ও বন্ধু ও শিষ্যদের সহিত তাঁর পত্র আদান প্রদান চলত। সংস্কৃত কলেজের অধ্যাপক জয়গোপাল তর্কালৎকারকে একটি পত্রে তিনি লিখেছিলেন---

“অমৃতং মধুরং সম্যক্ সংস্কৃতং হি ততোধোকম্।  
দেবভোগ্যমিদং যস্মাদ্ দেবভাষেতি কথ্যতে॥  
ন জানে বিদ্যতে কা সা স্বাদুতাত্ত্বেব সংস্কৃতে।  
সর্বদৈব সমুন্মত্বা যয়া বৈদেশিকা বয়ম্॥।  
যাবদ্ ভারতবর্ষ স্যাদ্ যাবৎ বিন্ধ্য হিমাচলৌ।  
যাবদ্ গঙ্গা চ গোদা চ তাবদেব হি সংস্কৃতম্।”

অন্থাৎ অমৃত মধুর কিন্তু সংস্কৃত ভাষা ততোধিক মধুর, দেবভোগ্য বলিয়াই যেন ইহার নাম দেবভাষা। সংস্কৃত ভাষার মাধুর্যে আমরা বিদেশী হইয়াও আনন্দে উন্মত্ত হইয়া থাকি। যতদিন ভারতবর্ষ, বিন্ধ্য, হিমাচল এবং গঙ্গা ও গোদাবরী নদী বর্তমান থাকিবে ততদিন সংস্কৃত ভাষা জীবিত থাকিবে।

.....

--

## উইল্সনের রচিত গ্রন্থাবলী---

1. Meghduta-Sanskrit Texct with Translation & Annotations, Calcutta, 1813, reprint n English-London, 1814, reprint with Sanskrit Text, London 1843.
  1. Sanskrit –English Dictionary—Calcutta, 1819, 1832, London 1874.
  2. Select Specimen of the theatre of the Hindus, 3 Vols. Calcutta 1827: in 2 Vols. London 1855.
  3. Sankhya-Karika—Oxford, 1837.
  4. Vishnu Purana—London, 1840
  5. Lectures on the Religions & Philosophical system of the Hindus, Oxford, 1840.
  6. Arian Antiqua—Antiquities of coins of Afgasnistan, London, 1841
  7. Sketches of the Religious Sects of the Hindus, Calcutta, 1846.
  8. Grammar of Sanskrit Language, Oxford 1847.
  9. Complete Translation if Rigveda in Six Vols.—(i-iv-1850-57)(v-vi-after 1860).
  10. Glossary of Indian Revenue, Judicial and other useful terms in different languages of India, London 1855.
  11. Works (H.H.Wilson) in 12 Vols. Published by Trubner & Co, London,(1862-71).
- .....